

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

খাকা ।

এফ,ই সার্কুলার নং ০৩

ফাল্গুন ১৬, ১৪১২  
তারিখ : -----  
ফেব্রুয়ারী ২৮, ২০০৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়,

### হাঙ্কা প্রকৌশল পণ্য রপ্তানির বিপরীতে ভতূকী প্রদান প্রসংগে ।

হাঙ্কা প্রকৌশল পণ্য রপ্তানির বিপরীতে ভতূকী সুবিধা প্রদানের সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন। ০১ জুলাই, ২০০৫ হইতে ৩০ জুন, ২০০৬ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত পণ্য রপ্তানির জন্য এই সুবিধা প্রযোজ্য হইবে । সকল ক্ষেত্রে রপ্তানি মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাভাসনের পর নীট এফওবি মূল্যের উপর ভতূকী হিসাবায়ন করিতে হইবে । রপ্তানিকৃত হাঙ্কা প্রকৌশল পণ্য দেশে উৎপাদিত হইতে হইবে । সুনির্দিষ্ট সরকারী বাজেট বরাদ্দের বিপরীতে রপ্তানি ডকুমেন্ট নেগোসিয়েশনকারী অনুমোদিত ডিলার ব্যাংক শাখা হইতে এই ভতূকী পণ্যের হ্যাণ্ডেলিং, মানোন্নয়ন, প্রক্রিয়াজাতকরণ ব্যয়, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পরিবহন ব্যয় ও ফ্রেইট চার্জ পরিশোধজনিত ব্যয়িত অের বিপরীতে প্রদান করা হইবে । এই জন্য সরকারী মঞ্জুরী আদেশের বিপরীতে সরকারী হিসাব হইতে বাংলাদেশ ব্যাংক ইমপ্রেস্ট আগাম আকারে বাণিজ্যিক ব্যাংকসমূহকে প্রয়োজনীয় তহবিল প্রদান করিবে । হাঙ্কা প্রকৌশল পণ্য রপ্তানির মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাভাসনের সনদপত্রের ভিত্তিতে ভতূকীর আবেদনপত্রের বিপরীতে পরিশোধ নিষ্পত্তির কার্যক্রমে অনুমোদিত ডিলারগণের অনুসরণীয় নির্দেশাবলী নিম্নের অনুচ্ছেদসমূহে বর্ণনা করা হইল :-

### ০২। হাঙ্কা প্রকৌশল পণ্য রপ্তানির বিপরীতে ভতূকীর প্রাপক পক্ষ ও প্রাপ্যতার মাত্রা :

ক) নিম্নোক্ত ৪(চার)টি পণ্য হাঙ্কা প্রকৌশল পণ্য হিসাবে গণ্য হইয়া ভতূকী পরিশোধের জন্য বিবেচিত হইবে :

- Carbon Rod for battery;
- UM-1/R-20/D Size battery;
- UM-3/R-06/AA Size battery;
- Locally manufactured glassware, manufacturing machinery, moulds and parts.

খ) উক্ত পণ্যসমূহ রপ্তানির বিপরীতে ৫০ শতাংশের অধিক মূল্য সংযোজিত হইলে রপ্তানি আয়ের ১০%(দশ শতাংশ) হারে ভতূকী নিম্নোক্ত শর্তে প্রদেয় হইবে :

- উৎপাদনকারী-রপ্তানিকারকগণ ভতূকী প্রাপ্য হইবেন ;
- রপ্তানি পণ্য উৎপাদনে বিদেশ হইতে আনীত কাঁচামালে কোন পর্যায়েই শুল্ক বন্ড বা ডিউটি ড্র-ব্যাংক সুবিধা গ্রহণ করা হয় নাই বা ডিউটি ড্র-ব্যাংক সুবিধা গ্রহণ করা হইবে না মর্মে নিশ্চিত হইতে হইবে ;

(চলমান পাতা-০২)

০৩। ভর্তুকীর আবেদনপত্র দাখিলের শর্তাবলী :

- (ক) রপ্তানিকারকগণ রপ্তানি ডকুমেন্ট নেগোশিয়েশনের পর পরই ডকুমেন্ট নেগোশিয়েশনকারী অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় নির্ধারিত ফরম-ক তে ভর্তুকীর জন্য আবেদনপত্র দাখিল করিতে পারিবে, তবে বিদেশে রপ্তানির মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসনের পরই কেবল ভর্তুকী পরিশোধ্য হইবে। সকল ক্ষেত্রে ভর্তুকীর আবেদনপত্র বিদেশে সংশ্লিষ্ট ব্যাংকের নষ্টো হিসাবে রপ্তানিমূল্য আকলনের (রপ্তানি মূল্য প্রত্যাবাসনের) তারিখের ১৮০ দিনের মধ্যে দাখিল করিতে হইবে।
- (খ) ব্যাংকের মাধ্যমে স্থাপিত এলসি এর আওতায় রপ্তানি পরবর্তী পর্যায়ে প্রণীত রপ্তানি দলিলের বিপরীতে প্রত্যাবাসিত রপ্তানি আয় কিংবা রপ্তানি পরবর্তী পর্যায়ে ব্যাংকের মাধ্যমে প্রেরিত ডকুমেন্টারী কালেকশনস এর বিপরীতে প্রত্যাবাসিত রপ্তানি আয়ই এই খাতে ভর্তুকীর জন্য যোগ্য রপ্তানি আয় বিবেচিত হইবে।
- (গ) রপ্তানি ঋণপত্রের পাশাপাশি চুক্তিপত্রের বিপরীতে ডকুমেন্টারী কালেকশনস ভিত্তিতে প্রত্যাবাসিত রপ্তানি আয়ের ক্ষেত্রেও ভর্তুকী প্রদেয় হইবে।
- (ঘ) রপ্তানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি যেমন : বিএল, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট, বিল অব এক্সপোর্ট ইত্যাদি দাখিল করিতে হইবে।
- (ঙ) বিদেশ হইতে কাঁচামাল আমদানির প্রয়োজনীয় দালিলিক প্রমানাদি দাখিল করিতে হইবে।

০৪। অনুমোদিত ডিলার কর্তৃক আবেদনপত্র গ্রহণ, পরীক্ষণ ও পরিশোধ নিষ্পত্তি :

- (ক) ভর্তুকীর প্রাপক পক্ষের দাখিলকৃত আবেদনপত্রের সংগে ফরমের বিভিন্ন অনুচ্ছেদে যে সকল কাগজপত্র, সনদপত্র, প্রত্যয়নপত্রের উল্লেখ আছে ঐগুলি সম্পূর্ণ ও পূর্ণাঙ্গ আকারে আবেদনপত্রের সহিত সংযোজিত াকিবার বিষয়টি প্রা\_মিক পরীক্ষণে নিশ্চিত হইয়া লইতে হইবে। সনদপত্র/প্রত্যয়নপত্রসমূহের মধ্যে যেগুলি ব্যাংক শাখা কর্তৃক প্রণীত হয় বা ডকুমেন্টস নেগোসিয়েশন উপলক্ষ্যে ব্যাংক শাখা কর্তৃক প্রক্রিয়াকৃত হয় সেগুলির য\_া\_তা ও সেগুলিতে উল্লিখিত ত\_্যাদির শুদ্ধতার বিষয়েও সংশ্লিষ্ট ব্যাংক শাখা দায়ী াকিবে। প্রা\_মিক পরীক্ষণে পরিলক্ষিত ত্রুটি/অসম্পূর্ণতাসমূহের বিষয়ে অনুমোদিত ডিলার ব্যাংক শাখা আবেদনপত্র প্রাপ্তির তিন কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিত করিবে।
- (খ) প্রয়োজনীয় ক্ষেত্রে আবেদনকারী হইতে অতিরিক্ত ব্যাখ্যা/ত\_্যাদি প্রাপ্তি এবং রপ্তানি ও রপ্তানিমূল্য প্রত্যাবাসনের বিষয়ে শাখার স্বীয় রেকর্ড হইতে/প্রয়োজ্য ক্ষেত্রে অন্য ব্যাংক শাখা হইতে সংগৃহীত ত\_্যাদি/সনদপত্র সংযোজনান্তে আবেদনপত্র পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ আকারপ্রাপ্ত হইবার পর অনুমোদিত ডিলার পরিশোধযোগ্য অংক নিরূপন করিবে। সংশ্লিষ্ট আবেদনপত্র ফরম এর অনুমোদিত ডিলার ব্যাংক শাখা কর্তৃক ব্যবহারের জন্য নির্ধারিত অংশের নির্দেশনাসমূহ পর্যায়ক্রমিকভাবে অনুসরণ করিয়া এই প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে।
- (গ) সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ের হিসাব বিকলন করিয়া শাখা আবেদনপত্রের বিপরীতে ভর্তুকী পরিশোধ করিবে। প্রতিমাসে শাখার সম্পাদিত সকল পরিশোধের বিষয়ে বিবরণী ফরম-খ তে প্রদত্ত ছক অনুসারে পরবর্তী মাসের প্র\_ম সপ্তাহের মধ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ে দুই প্রহে প্রেরিত হইবে;

ব্যাংকের প্রধান কার্যালয় সকল শাখার মাসিক পরিশোধ বিবরণীসমূহের একীভূত তথ্য বিবরণীর একটি করিয়া কপি ফরওয়ার্ডিং পত্রসহ পরবর্তী মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংক পরিদর্শন বিভাগ-১ (বেসরকারী ব্যাংকের ক্ষেত্রে) ও রাষ্ট্রায়ত্ত্ব বানিজ্যিক ব্যাংকের ক্ষেত্রে ব্যাংক পরিদর্শন বিভাগ-২ বরাবর নিয়মিতভাবে প্রেরণ করিবে।

(ঘ) প্রতিক্ষেত্রে ভর্তুকী পরিশোধ অনুমোদনের সংগে সংগে সংশ্লিষ্ট রপ্তানির রপ্তানিমূল্য প্রত্যাশন সনদপত্রের (পিআরসি) উপরে সহজে দৃষ্টি গোচর হয় এমন স্থানে ভর্তুকী পরিশোধিত মর্মে সীল এবং পরিশোধ অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর সন্নিবেশ করিতে হইবে, যাহাতে ঐ পিআরসি'র অন্যবিধ অপব্যবহারের সুযোগ না থাকে। একই রপ্তানির বিপরীতে একাধিকবার পিআরসি ইস্যুকৃত না হইবার বিষয়ে অনুমোদিত ডিলারগণকে (এফই সার্কুলার নং-০৬/৯৮ এর নির্দেশনা মোতাবেক) বিশেষ সতর্কতা অবলম্বন করিতে হইবে। এই জন্য শাখায় রক্ষিত রপ্তানি রেজিস্ট্রারে সংশ্লিষ্ট রপ্তানির অন্যান্য তথ্যের সহিত প্রতি ক্ষেত্রে পিআরসি ইস্যুর তথ্য তারিখসহ সুবিধাজনকভাবে লিপিবদ্ধ রাখিতে হইবে।

(ঙ) ভর্তুকী প্রদানের পূর্বে প্রদেয় ভর্তুকীর সঠিকতার বিষয়ে প্রতিটি কেস বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিযুক্ত অডিট ফার্ম দ্বারা নিরীক্ষা করাইয়া লইতে হইবে।

(চ) ভর্তুকী পরিশোধ নিষ্পত্তির সকল কেস সংশ্লিষ্ট কাগজপত্রসহ বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলের/সরকারী বাণিজ্যিক নিরীক্ষা বিভাগের নিরীক্ষা দলের পরীক্ষণের জন্য পরিশোধ তারিখ হইতে অনূন্য তিন বৎসর মেয়াদ পর্যন্ত শাখায় সংরক্ষণ করিতে হইবে।

(ছ) রপ্তানিমূল্য, রপ্তানি পণ্যে ব্যবহৃত উপকরনাদির মূল্য ও পরিমাণের বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে বা তথ্য সংগ্রহের প্রয়োজন হইলে সংশ্লিষ্ট ব্যাংক ও অডিট ফার্ম নিম্নোক্ত প্রতিষ্ঠান/সংগঠনসমূহের পরামর্শ গ্রহণ করিবে :

(১) রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১২২-১২৪ মতিঝিল বা/এ, খাকা (রপ্তানিমূল্য ও রপ্তানির পরিমাণ সম্পর্কিত তথ্য);

(২) ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, ৩৮,টিপু সুলতান রোড, খাকা (উৎপাদনকারী ইউনিটের উৎপাদন ক্ষমতা সম্পর্কিত তথ্য);

(৩) ইনস্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, খাকা (উৎপাদনকারী ইউনিটের উৎপাদন ক্ষমতা ও প্রতি ইউনিটের উৎপাদন ব্যয় সম্পর্কিত তথ্য)।

#### ০৫। ভর্তুকী অনিয়মিতভাবে পরিশোধের শাস্তিমূলক ব্যবস্থা :

(ক) ভর্তুকী অনিয়মিতভাবে পরিশোধ করা হইলে অনিয়মিতভাবে পরিশোধকৃত অর্থ বাংলাদেশ ব্যাংকের সহিত রক্ষিত পরিশোধকারী ব্যাংকের হিসাব বিকলনপূর্বক আদায় করিয়া লওয়া যাইবে।

(খ) এই অনিয়মের সংগে জড়িত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে প্রচলিত বিধি মোতাবেক প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

০৬। ভতূকী পরিশোধের জন্য বাংলাদেশ ব্যাংক হইতে  
ইমপ্রেস্ট তহবিল সংগ্রহ ও পুনঃযোগান প্রাপ্তির প্রক্রিয়া :

অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক গৃহীত এবং বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং বিভাগে রিপোর্টকৃত ভতূকীর দাবীর পরিমানের বিপরীতে সরকার কর্তৃক প্র\_ম কিস্তিতে ছাড়কৃত অ\_র পরিমানের উপর ভিত্তি করিয়া বাংলাদেশ ব্যাংক দাবীর আনুপাতিক হারে প্র\_ম বার ইমপ্রেস্ট তহবিল ব্যাংকসমূহের প্রধান কার্যালয়ের অনুকূলে প্রদান করিবে। পরবর্তীতে, বিভিন্ন ব্যাংকের মাধ্যমে ভতূকী পরিশোধ নিষ্পত্তির গড় মাসিক অংকের ভিত্তিতে দুই মাসের অনুমিত প্রয়োজনের পরিমান তহবিল বাংলাদেশ সরকারের পক্ষ হইতে অ\_ ছাড়করণ সাপেক্ষে বাংলাদেশ ব্যাংক ইমপ্রেস্ট আগাম আকারে ব্যাংকসমূহের প্রধান কার্যালয়ের অনুকূলে প্রা\_মিকভাবে হস্তান্তর করিবে। ইমপ্রেস্ট তহবিল ব্যবহারের বিষয়ে ব্যাংকসমূহ ফরম-গ তে প্রদত্ত ছকে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং বিভাগের মহাব্যবস্থাপকের বরাবরে মাসিক বিবরণী পরবর্তী মাসের দুই সপ্তাহের মধ্যে দাখিল করিবে। এই বিবরণী অনুসারে ইমপ্রেস্ট আগামের মাসান্তের সমাপনী স্থিতি যদি পরবর্তী মাসের জন্য অনুমিত প্রয়োজনীয় অংক অপেক্ষা কম হয় (পূর্ববর্তী তিন মাসের গড় মাসিক পরিশোধের অংককে পরবর্তী মাসের জন্য সম্ভাব্য প্রয়োজন বলিয়া বিবেচিত হইবে) তবে ইমপ্রেস্ট আগাম প্রয়োজনীয় মাত্রায় উন্নীত করিবার জন্য পুনঃযোগানের অনুরোধ সম্বলিত আবেদনও মাসিক বিবরণীর সংগে একাউন্টস এন্ড বাজেটিং বিভাগে দাখিল করিতে হইবে। ইমপ্রেস্ট আগামের ব্যাংকওয়ারী স্থিতি পর্যালোচনায় ব্যবহারের গতির প্রেক্ষিতে একাউন্টস এন্ড বাজেটিং বিভাগ সংশ্লিষ্ট ব্যাংককে প্রদত্ত ইমপ্রেস্ট আগাম হইতে একমাসের সম্ভাব্য চাহিদার অতিরিক্ত অংক ফেরত চাহিতে পারে।

০৭। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার খালিদুর রহমান)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৩৭৫

(অনুচ্ছেদ ০২ ও ০৩(ক) এফই সার্কুলার নং- ০৩/২০০৬ দৃষ্টব্য)

**হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকীর জন্য আবেদনপত্র ।**

(ক) আবেদনকারীর নাম ও ঠিকানা .....

.....  
রপ্তানি নিবন্ধন সনদপত্র নম্বর .....(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রের নম্বর, তারিখ ও মূল্য.....  
.....

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

(গ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণাদির সংগ্রহ সূত্র :

(১) দেশীয় উপকরণাদিঃ

সরবরাহকারীর নাম ও ঠিকানা	পণ্যের নাম ও পরিমাণ	মূল্য
১	২	৩

(রপ্তানি পণ্যের বর্ণনা, পরিমাণ, মূল্য এবং সংগ্রহসূত্রের বিষয়ে রপ্তানী উন্নয়ন ব্যুরো প্রদত্ত সনদপত্র দাখিল করিতে হইবে।)

(২) আমদানিকৃত / বিদেশে উৎপাদিত উপকরণাদিঃ

সরবরাহকারীর নাম ও ঠিকানা	পণ্যের নাম ও পরিমাণ	বিদেশ হইতে আমদানির ক্ষেত্রে ঋণপত্রের নম্বর, তারিখ	মূল্য
১	২	৩	৪

(৩ নং কলামে উল্লিখিত ঋণপত্রগুলির পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।)

(ঘ) রপ্তানি চালানের বিবরণ :

পণ্যের বর্ণনা	পরিমাণ	ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়)	জাহাজীকরণের তারিখ	ইএক্সপি নম্বর	বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানি মূল্য ও প্রত্যাবাসনের তারিখ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)

(রপ্তানি ইনভয়েস, প্যাকিং লিষ্ট এবং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল এর সত্যায়িত পাঠযোগ্য কপি এবং মূল রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র (পিআরসি) দাখিল করিতে হইবে।)

(ঙ) ভর্তুকীর আবেদনকৃত অংক :

প্রত্যাবাসিত রপ্তানিমূল্য	প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ	বৈদেশিক মুদ্রায় বিদেশে পরিশোধ্য কমিশন, ইনস্যুরেন্স, ইত্যাদি (যদি থাকে)	নীট এফওবি রপ্তানি মূল্য ১-(২+৩)
১	২	৩	৪

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণাদির মূল্য		রপ্তানিতে স্থানীয় মূল্য সংযোজনের শতকরা হার [(৪-৬) ÷ ৪] × ১০০	প্রাপ্য ভর্তুকী * ৪ × ১০%
দেশে উৎপাদিত উপকরণাদির মূল্য	আমদানিকৃত/বিদেশী উপকরণাদির মূল্য	৭	৯
৫	৬		

\* ৭ নং কলামের নির্ণীত শতকরা হার ৫০% এর অধিক হইলে ভর্তুকী প্রাপ্য হইবে।

আমাদের স্বীয় কারখানায় উৎপাদিত ৫০ (পঞ্চাশ) শতাংশের অধিক মূল্য সংযোজন সম্বলিত হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকীর আবেদন করা হইল। এই রপ্তানিতে ব্যবহৃত উপকরণাদির জন্য শুল্ক বন্ড সুবিধা গ্রহণ করা হয় নাই এবং ডিউটি ড্র-ব্যাক অ\_বা ভর্তুকী সুবিধার আবেদনও করা হয় নাই ও হইবে না। এই আবেদনপত্রে প্রদত্ত ত\_্যাদি/ঘোষণা সম্পূর্ণ সঠিক। পরবর্তীতে ইহাতে কোন ভুল/অসত্য/প্রতারণা/জালিয়াতি প্রমাণিত হইলে গৃহীত ভর্তুকীর সমুদয় অ\_ বা উহার অংশবিশেষ আমার/আমাদের নিকট হইতে আমার/আমাদের ব্যাংক হিসাব হইতে আদায় করিয়া লওয়া যাইবে।

তারিখ : .....

.....  
আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/  
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবী।

(অনুচ্ছেদ ০২ ও ০৩(ক) এফ,ই সার্কুলার নং ০৩/২০০৬ দ্রষ্টব্য)

ফরম-‘ক’  
পৃষ্ঠা-২

(ভতূকী পরিশোধকারী ব্যাংক শাখা কর্তৃক ব্যবহার্য অংশ)

(চ) ভতূকীর পরিশোধ্য পরিমাণ হিসাবায়ন :

রপ্তানি পণ্যের বর্ণনা	মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য	প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ	বৈদেশিক মুদ্রায় বিদেশে পরিশোধ্য কমিশন, ইনস্যুরেন্স, ইত্যাদি (যদি থাকে)	নীট এফওবি রপ্তানিমূল্য ২-(৩+৪)	রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণাদির মূল্য		রপ্তানি আয়ে স্থানীয় মূল্য সংযোজনের শতকরা হার $[(৫-৭) \div ৫] \times ১০০$	পরিশোধযোগ্য* ভতূকীর পরিমাণ (টাকায়): ৫ এর ১০% $\times$ রপ্তানিমূল্য প্রত্যাবাসন তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় হার
					দেশে উৎপাদিত উপকরণাদির মূল্য	আমদানিকৃত/বিদেশী উপকরণাদির মূল্য		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

\*৮ নং কলামের নির্ণীত শতকরা হার ৫০% এর অধিক হইলে ভতূকী প্রাপ্য হইবে।

পরিশোধিত ভতূকীর পরিমাণ (টাকায়) : .....

পরিশোধের তারিখ : .....

.....  
ভতূকী অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবী।

এফ,ই সার্কুলার নং ০৩/২০০৬ মোতাবেক হাঙ্কা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে ভর্তুকী পরিশোধের ----- /২০.. মাসের বিবরণী

অনুমোদিত ডিলার ব্যাংক শাখার নাম :.....

ভর্তুকীর আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	সংশ্লিষ্ট রপ্তানির ত_্যাদি					পরিশোধিত ভর্তুকীর পরিমাণ (টাকায়)	পরিশোধের তারিখ	পূর্ববর্তী কোনও অতিরিক্ত পরিশোধ (যদি _াকে) উহার আদায়ের পরিমাণ (টাকায়)	শাখায় প্রাপ্ত অনিষ্পন্ন আবেদনের	
	রপ্তানিকৃত পণ্যের বর্ণনা	জাহাজীকরণের তারিখ ও গন্তব্য বন্দর	ইএক্সপি নম্বর	মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়)	প্রত্যাবাসিত নীট এফওবি মূল্য (বৈদেশিক মুদ্রায়)				সংখ্যা	দাবীকৃত টাকা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)

দাপ্তরিক সীল মোহর ।

ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, তারিখ, নাম, ও পদবী

(অনুচ্ছেদ ০৬ এফ, ই সার্কুলার নং- ০৩/২০০৬ দ্রষ্টব্য)

ফরম-‘গ’

এফ,ই সার্কুলার নং ০৩/২০০৬ মোতাবেক হাঙ্কা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে ভর্তুকী বাবদ ইমপ্রেস্ট হিসাবের .... সনের ..... মাসের বিবরণী।  
..... ব্যাংক, প্রধান কার্যালয়, Xাকা।

ইমপ্রেস্ট হিসাবের প্রারম্ভিক স্থিতি (টাকায়)	প্রতিবেদনাধীন মাসে বাংলাদেশ ব্যাংক হইতে পুনঃযোগান প্রাপ্তি		শাখাসমূহ কর্তৃক পূর্ববর্তী পরিশোধ সমূহের বিপরীতে এক্সপোর্ট ক্রেইম বা অন্যবিধ কারণে পরবর্তী সমন্বয় বাবত ফেরত আদায়ের অংক (যদি _কে) (টাকায়)	প্রতিবেদনাধীন মাসে অনুমোদিত ডিলার শাখাসমূহ কর্তৃক পরিশোধ		মাসান্তের সমাপনী স্থিতি (টাকায়) [(১+৩+৪)-৬]	শাখাসমূহে প্রাপ্ত আবেদনের		পরবর্তী মাসের পরিশোধের জন্য ইমপ্রেস্ট হিসাবের প্রয়োজনীয় পুনঃযোগানের পরিমাণ (টাকায়)(৯-৭)*
	তারিখ	পরিমাণ (টাকায়)		আবেদনের সংখ্যা	মোট পরিশোধ (টাকায়)		সংখ্যা	দাবীকৃত অংক (টাকায়)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)

(\* ৭নং কলামে উল্লিখিত সমাপনী স্থিতি ৯নং কলামে উল্লিখিত পরিমাণ হইতে কম হওয়ার ক্ষেত্রে ১০ নং কলামে উল্লিখিত  
অংকের পুনঃযোগান চাহিয়া বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্টে পত্র দিতে হইবে)।

দাপ্তরিক সীল মোহর।

ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর, তারিখ, নাম ও পদবী



**রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক প্রদত্ত সনদপত্র****হাঙ্কা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে রপ্তানিকারকদের ভর্তুকী প্রাপ্তির সনদ পত্র ।**

- ১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম :  
ঠিকানা :
- ২। রপ্তানি ঋণ পত্রের / চুক্তিপত্রের তারিখ : মূল্যমান :  
নম্বর :
- ৩। বিদেশী ক্রেতার নাম :  
ঠিকানা :
- ৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম :  
ঠিকানা :
- ৫। ক) ইনভয়েস নম্বর : তারিখ :  
খ) ইনভয়েসে উল্লেখিত পণ্যের মূল্য :  
পরিমাণ :
- ৬। ক) রপ্তানি পণ্যে ব্যবহৃত স্থানীয় উপকরনাদির বর্ণনাঃ পরিমাণ : মূল্য :  
খ) সংগ্রহসূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা)ঃ
- ৭। ক) রপ্তানি পণ্যের বিবরণ :  
খ) প্রকৃত রপ্তানিকৃত পণ্যের পরিমাণঃ মূল্য :
- ৮। জাহাজীকরণের তারিখ : গন্তব্য :  
বন্দর
- ৯। ইএক্সপি নম্বর : তারিখ : মূল্য :
- ১০। মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য :  
(বৈদেশিক মুদ্রায়)
- ১১। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র : তারিখ :  
নম্বর
- ১২। নীট এফওবি মূল্য :

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরোক্ত অনুচ্ছেদসমূহের বক্তব্য সঠিক ও নির্ভুল ।  
বিদেশী ক্রেতা / আমদানিকারকের য\_া\_তা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হইল ।

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

উপরোল্লিখিত অনুচ্ছেদগুলি য\_া\_ভাবে যাচাইপূর্বক সঠিক পাওয়া গিয়াছে । হাঙ্কা প্রকৌশল পণ্য  
রপ্তানির বিপরীতে প্রত্যাবাসিত মূল্যের অনুকূলে উপরোক্ত রপ্তানিকারককে ভর্তুকী প্রদানের জন্য  
সুপারিশ করা হইল ।

রপ্তানি উন্নয়ন ব্যুরোর দুইজন কর্মকর্তার স্বাক্ষর ও সীল

কোন প্রকার ঘষামাজা, কটাছেঁড়া বা সংশোধন করা হইলে এই প্রত্যয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।